

া শারহু মাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ কিতাবী দ্বারা উদ্দেশ্য রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওয়ান আল ফাওয়ান

কিতাবী দ্বারা উদ্দেশ্য

কিতাবী দ্বারা আহলে কিতাব তথা ইয়াহূদী ও খ্রিষ্টান উদ্দেশ্য। কেননা, ইয়াহূদীদের নিকট ছিল তাওরাত, যা মূসা আলাইহিস সালাম-এর উপর নাযিল হয়। আর খ্রিষ্টানদের নিকট ছিল ইনজীল, যা ঈসা আলাইহিস সালাম সালাম-এর উপর নাযিল হয়। এ কারণে তারা আহলে কিতাব নামে অভিহিত। তারা বর্তমানে তাওরাতকে প্রাচীন অঙ্গিকার (ওল্ডটেস্টামেন্ট) অথবা প্রাচীন গ্রন্থ বলে থাকে। আর ইনজিলকে বলে নতুন অঙ্গিকারের পুস্তক (নিউটেস্টামেন্ট)। এসব তাদের পরিভাষা মাত্র।

এ দু'টি মর্যাদা সম্পন্ন মহাগ্রন্থ, আল্লাহ তা'আলা দু'জন সম্মানিত নাবীর উপর নাযিল করেন; তারা হলেন ঈসা ও মূসা আলাইহিমাস সালাম। বিশেষ করে তাওরাত একটি বড় আসমানী কিতাব আর ইনজিল হলো তাওরাতের পরিপূরক ও সত্যায়নকারী গ্রন্থ। এজন্য তাদেরকে আহলে কিতাব বলা হয়। সুতরাং আহলে কিতাব ও অন্যদের মাঝে পার্থক্য হচ্ছে অন্যদের কিতাব দেয়া হয়নি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8975

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন